

প্রত্যন্তের

অনেক না - বলা কথা মেঝে হ'য়ে জমেছে আকাশে।
বলব বলব ক'রে ব'লে ওঠা হয়নি বিষাদ।
যতবার সাজিয়েছি, ভাসিয়েছ হাসির দমকে।
হাসির প্রতিটি তির সংযোগে রেখেছি, হে নিষাদ!

এবার প্রস্তুত হও, বৃষ্টির গাঢ় চুম্বনে
পাঁজর ... হাদয় ... স্বপ্ন অনায়াসে স্পর্শ করে যাব।
দইটি অক্ষর লিখে রক্ত রক্তে, নিশাসে প্রশ্নাসে

প্রেম গেঁথে দিয়ে যাব হাদদয়ের গভীরে ... গোপনে...

রাতুল চন্দ্ররায়